যুগান্তর

তারিখ 24 SEP 2017
পৃষ্ঠা 2 কলাম 7

ঢাকা বিশ্ববিদ্যালয়

# ২৮ সেপ্টেম্বরের পরীক্ষা স্থগিত ৭ কলেজের

**যুগান্তর রিপোর্ট**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সাত কলেজের ২০১৩-১৪ শিক্ষাবর্ষের এমএ, এমএসএস, এমএসসি ও এমবিএস শেষ পর্বের (নতুন ও পুরনো সিলেবাস অনুযায়ী) ২৮ সেপ্টেম্বরের পরীক্ষা স্থগিত করা হয়েছে। ওই পরীক্ষা আগামী পহেলা নভেম্বর অনুষ্ঠিত হবে। শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

এতে বলা হয়েছে, অনিবার্য কারণবশত ২৮ সেপ্টেম্বরের পরীক্ষা স্থগিত করা হল। ওই পরীক্ষা পহেলা নভেম্বর যথাসময়ে অনুষ্ঠিত হবে। এছাড়া ১৭ সেপ্টেম্বর স্থগিতকৃত গণিত পরীক্ষা ৩১ অক্টোবর যথাসময়ে অনুষ্ঠিত হবে। এ বিষয়টি ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ঢাকা কলেজ, কবি নজরুল সরকারি কলেজ, ইডেন মহিলা কলেজ, বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজ, শহীদ সোহরাওয়ার্দী কলেজ, সরকারি বাঙলা কলেজ ও সরকারি তিতুমীর কলেজ কর্তৃপক্ষকে জানানো হয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডকুমেন্টেশন বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর